

**খুলনায় কারিগরি  
বিশ্ববিদ্যালয়  
মেডিক্যাল কলেজ ও  
তেল শোধনাগার  
নির্মাণের সিদ্ধান্ত**

খুলনা, ৯ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)— আজ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে মন্ত্রী পরিষদের বৈঠকে খুলনা জেলায় একটি কারিগরি বিশ্ববিদ্যালয়, একটি মেডিক্যাল কলেজ এবং দেড়শত কোটি টাকা ব্যয়ে দেশের দ্বিতীয় তেল শোধনাগার স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রায় তিন ঘণ্টা স্থায়ী এই বৈঠকে তেল অনুসন্ধানের উদ্দেশ্যে আগামী মার্চ মাসে বাগেরহাটে (৮ম পৃঃ ৮-এর কঃ দুঃ)

**খুলনায় কারিগরি  
বিশ্ববিদ্যালয়**

(১ম পৃঃ পর)

এবং অক্টোবরে চালনায় কুপ খনন কাজ শুরু; উপকূল এলাকায় মৎস্য চাষের একটি বিশেষ প্রকল্প; সুন্দরবন এলাকাসহ দেশে পর্যটনের সুযোগ-সুবিধা উন্নয়ন, খুলনা-চুপনগর ও রূপসা-পিরোজপুর সড়ক উন্নয়ন ও সমাপ্ত করার কাজ অবিলম্বে হাতে নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করে।

প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রথম পদক্ষেপ হিসাবে সরকার দৌলতপুর কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছেন। এই ব্যাপারে প্রধানমন্ত্রী শাহ সাহেবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হইয়াছে।

ধরাষ্ট্রমন্ত্রী লেঃ কর্ণেল (অবঃ) মুস্তাফিজুর রহমানের নেতৃত্বে মেডিক্যাল কলেজের ব্যাপারে অপর একটি কমিটি গঠন করা হয়। কমিটি মেডিক্যাল কলেজের জন্য উপযুক্ত স্থান বাছাই করিবে। উপকূল এলাকায় মৎস্য চাষ উন্নয়নের ব্যাপারে প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি স্থায়ী কমিটি গঠন করা হয়।

প্রেসিডেন্ট আজ সকালে খুলনা আসেন এবং অপরাহ্নে হেলিকপ্টার যোগে চট্টগ্রামে চলিয়া যান। সাকিট হাউসে তিনি স্থানীয় বিভিন্ন শ্রেণীর জনগণের সহিত সাক্ষাৎ করেন। তিনি খুলনা বি, এম, পি অফিসও উদ্বোধন করেন।

সরকার শাসনতন্ত্রের ৭৭ ধারা মোতাবেক 'অরু ড স্ক্যান' (গণ অভিযোগ কেন্দ্র) স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। পাল আমেটের পরবর্তী অধিবেশনে এই ব্যাপারে বিল উত্থাপন করা হইবে। এখানে মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।